

কসমেটিক পণ্য

আপনি যদি কসমেটিক পণ্য বিক্রি করেন, সেগুলোকে নিরাপদ হতে হবে; কম্পোজিশন ও লেবেলিং-এর ব্যাপারে সুনির্দিষ্ট শর্ত রয়েছে

নির্দেশিকাটিতে রয়েছে

- দেশের সংজ্ঞা
- কসমেটিক পণ্য কী?
- অ্যারোমাথেরাপি পণ্যের ব্যাপারে কী শর্ত?
- মূল বিধানগুলো
- প্রাণীদের উপর পরীক্ষার ব্যাপারে শর্ত
- কম্পোজিশন
- মার্কিং / লেবেলিং
 - নাম ও ঠিকানা
 - মেয়াদ
 - সতর্কতা
 - ব্যাচ কোড
 - কাজ
 - উপাদানসমূহ
 - অতিরিক্ত তথ্য
 - উপস্থাপনা
- দাবী
- দায়িত্বশীল ব্যক্তির উপর বাধ্যবাধকতা
- মাইক্রোবিড
- আরো তথ্য
- ট্রেডিং স্ট্যান্ডার্ডস
- গুরুত্বপূর্ণ আইন

বিশেষ দ্রষ্টব্য: যদিও ইউনাইটেড কিংডম ইউরোপিয়ান ইউনিয়ন থেকে বের হয়ে গিয়েছে, তবুও কিছু আইন (আনুষ্ঠানিকভাবে 'রিটেইনড ইইউ ল' হিসেবে পরিচিত) এখনো প্রয়োগ হবে যতদিন পর্যন্ত না সেগুলো ইউকে আইন দ্বারা প্রতিস্থাপিত হবে; এর অর্থ হচ্ছে আপনি আমাদের নির্দেশিকাতে এখনো ইইউ রেগুলেশনের উল্লেখ দেখতে পাবেন।

এই নির্দেশিকাটি হচ্ছে ইংল্যান্ড, স্কটল্যান্ড ও ওয়েলসের জন্য

কসমেটিকস আইনি সংজ্ঞার বিষয়ের অন্তর্ভুক্ত; যেসকল পণ্য কেবলমাত্র ওষুধ হিসেবে ব্যবহৃত হয় সেগুলো এর অন্তর্ভুক্ত নয়। কসমেটিক পণ্যের উপর রেগুলেশন (ইসি) নম্বর ১২২৩/২০০৯ অনুযায়ী মানব স্বাস্থ্যের জন্য ক্ষতিকারক হতে পারে এমন কোনো কসমেটিক পণ্য বা সেগুলোতে কিছু নির্দিষ্ট নিয়ন্ত্রিত বা নিষিদ্ধ উপাদান থাকলে সেগুলো সরবরাহ করা একটি অপরাধ।

ডুল লেবেলযুক্ত কসমেটিক পণ্য সরবরাহ করা একটি অপরাধ। লেবেলিঙে যা থাকতে হবে তার মাঝে রয়েছে উৎপাদনকারীর নাম ও ঠিকানা, উপাদানসমূহ, স্থায়ীত্বের মার্কিং, কাজ ও সতর্কতা।

সবশেষে, কিছু নির্দিষ্ট নিরাপত্তা মূল্যায়ন না করা এবং প্রযুক্তিগত ডকুমেন্ট সংকলন না করা একটি অপরাধ।

ট্রেডিং স্ট্যান্ডার্ডস সার্ভিসেস কসমেটিক প্রডাক্টস এনফোর্সমেন্ট রেগুলেশন ২০১৩ অনুযায়ী ইউকেতে রেগুলেশনটি প্রয়োগ করে, যেটি প্রডাক্ট সেফটি অ্যান্ড মেট্রোলজি এটসেটরা (অ্যামেন্ডমেন্ট একসেটরা) (ইইউ এক্সিট) রেগুলেশনস ২০১৯ দ্বারা সংশোধিত হয়েছে। গ্রেট ব্রিটেনে কসমেটিক পণ্য বাজারে ছাড়ার আগে যে শর্তগুলো পূরণ করতে হবে সেগুলো এই রেগুলেশনে উল্লেখ করা হয়েছে। প্রাণীর উপর পণ্যের পরীক্ষা করার ব্যাপারেও সীমাবদ্ধতা রয়েছে।

দেশের সংজ্ঞা

এই নির্দেশিকায় নিম্নলিখিত পরিভাষাগুলো ব্যবহার করা হয়েছে:

- ইউনাইটেড কিংডম (ইউকে): ইংল্যান্ড, স্কটল্যান্ড, ওয়েলস ও নর্দার্ন আয়ারল্যান্ড
- গ্রেট ব্রিটেন (জিবি): ইংল্যান্ড, স্কটল্যান্ড ও ওয়েলস
- নর্দার্ন আয়ারল্যান্ড (এনআই)
- ইউরোপিয়ান ইউনিয়ন (ইইউ): ইইউতে ২৭টি সদস্য রাষ্ট্র রয়েছে, যার মাঝে রয়েছে আয়ারল্যান্ড কিন্তু ইউকে-এর কোনো দেশ নয়

উপরে ফেরত যান

কসমেটিক প্রডাক্ট কী?

রেগুলেশন (ইসি) নম্বর ১২২৩/২০০৯ (এই নির্দেশিকায় এটিকে 'দ্য রেগুলেশন [রেগুলেশনটি]) হিসেবে উল্লেখ করা হয়েছে) কসমেটিক পণ্যকে সংজ্ঞায়িত করেছে এভাবে "যে কোনো বস্তু বা মিশ্রণ যেটির উদ্দেশ্য হচ্ছে মানব শরীরের বাইরের অংশে (ছকের বাইরের দিক, চুল, নখ, ঠোঁট বা যৌনাঙ্গের বাইরের অংশ) বা দাঁতের ও মুখের ভেতরের স্লেম্বিক ঝিল্লির সংস্পর্শে এসে শুধুমাত্র বা মূলত সেগুলোকে পরিষ্কার করা, সুগন্ধযুক্ত করা, সেগুলোর রূপ পরিবর্তন করা, সেগুলোকে সুরক্ষিত করা, সেগুলোকে ভালো অবস্থায় রাখা বা শরীরের দুর্গন্ধ দূর করা"।

রেগুলেশনটি কেবল কসমেটিক পণ্যের ব্যাপারে এবং মেডিসিনাল পণ্য, মেডিক্যাল ডিভাইস বা বায়োসাইডাল পণ্যের ব্যাপারে নয়।

যদি কোনো বস্তু বা মিশ্রণের উদ্দেশ্য হয় গলাধঃকরণ, শ্বাসের সাথে টেনে নেওয়া, মানব শরীরে ইনজেক্ট বা ইমপ্ল্যান্ট করা তাহলে এটি কসমেটিক পণ্য নয়।

[উপরে ফেরত যান](#)

অ্যারোমাথেরাপি পণ্যের ব্যাপারে কী শর্ত?

ব্যবহারের উদ্দেশ্যের উপর নির্ভর করে এগুলো মেডিসিন বা কসমেটিক পণ্য হতে পারে, আবার দুটির কোনোটিই নাও হতে পারে। এগুলো যদি মেডিসিন বা কসমেটিক পণ্য না হয়, তাহলে এগুলো জেনারেল প্রডাক্ট সেফটি রেগুলেশন ২০০৫ এর আওতায় থাকবে।

অ্যারোমাথেরাপি পণ্যের ব্যাপারে যদি আপনার আরো নির্দেশনার প্রয়োজন হয় তাহলে অনুগ্রহ করে আপনার স্থানীয় ট্রেডিং স্ট্যান্ডার্ড সার্ভিসকে জিজ্ঞেস করুন।

[উপরে ফেরত যান](#)

মূল বিধানগুলো

ইউকের দায়িত্বশীল ব্যক্তি যদি কোনো কসমেটিক পণ্য সরবরাহ করেন যেটি সাধারণ ও যুক্তিসঙ্গতভাবে অনুমেয় পরিস্থিতিতে ব্যবহার করার ফলে মানব স্বাস্থ্যের ক্ষতি করতে পারে তবে তা একটি অপরাধ, যেক্ষেত্রে নিচের বিষয়গুলো বিবেচনায় নেওয়া হবে:

- এটির উপস্থাপনা (এবং বিশেষত, এটি আকার, গন্ধ, রং, রূপ, প্যাকেজিং, লেবেলিং, পরিমাণ ও আয়তন) খাদ্যদ্রব্যের সাথে বিভ্রান্তি সৃষ্টির মাধ্যমে গ্রাহকদের স্বাস্থ্য ও নিরাপত্তাকে বিপন্ন করতে পারবে না
- এটির লেবেলিং
- এটির ব্যবহার ও ফলে দেওয়ার ব্যাপারে যে কোনো নির্দেশনা
- দায়িত্বশীল ব্যক্তির দ্বারা প্রদত্ত অন্য যে কোনো তথ্য

ইউকের দায়িত্বশীল ব্যক্তি নিচের যে কোনোটি হতে পারে:

- ইউকেতে উৎপাদনকারী (অথবা তিনি লিখিতভাবে কাউকে দায়িত্বশীল ব্যক্তি হওয়ার জন্য মনোনয়ন দিতে পারেন)
- উৎপাদনকারীর লিখিত নির্দেশে নিয়োজিত ইউকে এর বাইরের একজন ব্যক্তি যিনি ইউকেতে আছেন
- একজন পরিবেশক, যেখানে তিনি একটি কসমেটিক পণ্য তাঁর নাম বা ট্রেডমার্কের অধীনে বাজারে ছাড়েন, বা বাজারে ছাড়া একটি পণ্যকে এমনভাবে পরিবর্তন করেন যার ফলে প্রযোজ্য শর্তমান্য করা প্রভাবিত হতে পারে – যেমন, পুনরায় প্যাকেজিং বা লেবেলিং করা
- আমদানিকারক (ইউকেতে প্রতিষ্ঠিত, যিনি ইউকে-এর বাইরের কোনো পণ্য ইউকের বাজারে ছাড়েন)

উপরে ফেরত যান

প্রাণীর উপর পরীক্ষা করার ব্যাপারে শর্ত

পণ্যটি যেন রেগুলেশনের শর্তগুলো পূরণ করতে পারে সেই উদ্দেশ্যে কোনো সম্পূর্ণ পণ্য বা কোনো উপাদান কোনো প্রাণীর উপর পরীক্ষা করা একটি অপরাধ।

রেগুলেশনটি এমন কোনো কসমেটিক পণ্যের সরবরাহকেও নিষিদ্ধ করে যেটির চূড়ান্ত গঠন, বা কোনো উপাদান বা উপাদানের সমন্বয় প্রাণীর উপর পরীক্ষা করা হয়েছে।

উপরে ফেরত যান

কম্পোজিশন

উপাদান হিসেবে কোন বস্তুগুলো ব্যবহার করা যাবে বা যাবে না সে সংক্রান্ত শর্তগুলো, এবং সীমাবদ্ধ ব্যবহার ও বিশেষ সতর্কতার ব্যাপারে শর্তগুলো অত্যন্ত বিস্তারিত, ফলে সেগুলো এখানে অন্তর্ভুক্ত করা সম্ভব নয়। আপনার যদি এই তথ্য প্রয়োজন হয়, তাহলে আপনার রেগুলেশনের পরিশিষ্ট দেখা উচিত (নীচে '[মূল আইনে](#)' লিংক দেখুন) বা আপনার বিশেষজ্ঞ পরামর্শ নেওয়া উচিত।

উপরে ফেরত যান

মার্কিং / লেবেলিং

নিম্নলিখিত তথ্যগুলো প্যাকেজিং বা লেবেলিংয়ে অবশ্যই উল্লেখ করতে হবে।

নাম ও ঠিকানা

ইউকের দায়িত্বশীল ব্যক্তির নাম ও ঠিকানা অবশ্যই পাত্র (যেমন টিউব, বোতল বা জার) এবং প্যাকেজিং (যেমন, বাক্স বা বাইরের কার্টনে থাকতে হবে)। পণ্যটি যদি ইউকে এর বাইরে উৎপাদন হয়ে থাকে, তবে যে দেশে উৎপাদিত হয়েছে [কান্ট্রি অব অরিজিন] তার নামও থাকতে হবে। ব্যবসা প্রতিষ্ঠানগুলো পণ্যের লেবেলে ইউকের দায়িত্বশীল ব্যক্তিদের বিবরণ অন্তর্ভুক্ত করতে বাধ্য হওয়ার আগে বিদ্যমান মজুদ যেন সাপ্লাই চেইনে যেতে পারে, এবং একটি কসমেটিকের সচরাচর শেলফ লাইফ বিবেচনা করে, ১ জানুয়ারি ২০২১ তারিখ থেকে একটি দুই-বছরের ট্রানজিশন পিরিয়ড থাকবে।


মেয়াদ

যখন কোনো কসমেটিক পণ্যের সর্বনিম্ন মেয়াদ ৩০ মাস বা তার কম হবে, এটি পাত্রে ও প্যাকেজিং-এ বেস্ট বিফোর তারিখ সহ উল্লেখ করতে হবে বা নিচে দেখানো প্রতীকটি দিতে হবে।



নির্দেশনাটি দিতে হবে এই ভাবে ‘বেস্ট বিফোর দ্য এন্ড অব’, যার পরে থাকবে তারিখ (দিন / মাস / বছর বা মাস / বছর) বা সংকেত দিতে হবে যে তারিখটি প্যাকেজিং-এর কোথায় আছে। যদি কোনো উল্লিখিত মেয়াদের নিশ্চয়তা পেতে কোনো বিশেষ শর্ত মানতে হয়, সেগুলোও উল্লেখ করতে হবে।

যদি কোনো পণ্যের শেলফ লাইফ ৩০ মাসের বেশি হয়, তাহলে পরিবর্তে এটি নিচের প্রতীকটি দিয়ে মার্ক করতে হবে এবং যার সাথে উল্লেখ থাকবে (মাসে বা বছর ও মাসে) যে পণ্যটি খোলার পর গ্রাহকের ক্ষতি না করে কতদিন পর্যন্ত ব্যবহার করা যাবে।



সতর্কতা

ব্যবহার করার সময় যে সতর্কতাগুলো অবলম্বন করতে হবে, যেমনটি রেগুলেশনের পরিশিষ্টতে দেখানো হয়েছে, সেগুলো লেবেলে অবশ্যই প্রিন্ট করা থাকতে হবে। পেশাদারী ব্যবহারের জন্য, যেমন হেয়ারড্রেসিং-এর ক্ষেত্রে, কসমেটিক পণ্যের ব্যাপারে বিশেষ সতর্কতামূলক তথ্য, পাত্র ও প্যাকেজিং-এ অবশ্যই থাকতে হবে।

ব্যাচ কোড

উৎপাদনের ব্যাচ নম্বর বা পণ্যটি চিহ্নিত করার জন্য রেফারেন্স।

ব্যবহার

অন্যথায় যদি নকশা ও প্যাকেজিং-এ স্বষ্টভাবে বোঝা না যায়।

উপাদানসমূহ

যে প্যাকেজে কসমেটিক পণ্যটি সরবরাহ করা হবে সেটিতে উপাদানসমূহের একটি তালিকা থাকতে হবে, যার শিরোনাম হবে 'উপাদানসমূহ [Ingredients]' (নিচের দ্রষ্টব্য দেখুন), যেগুলো উপাদানটি যে সময় পণ্যে যোগ করা হয়েছিল সে সময়ের ওজন অনুযায়ী নিম্নগামী ক্রমে থাকবে।

ইউকে এর যে কোনো অংশে বাজারজাত করা সকল কসমেটিক পণ্যে উপাদানের তালিকাসহ লেবেল থাকতে হবে, সেগুলো যে মাধ্যমেই বিতরণ করা হোক না কেন। এই

আবশ্যিকতা পেশাদারী পণ্য, ফ্রি স্যাম্পলস, টেস্টার সেম্পলস, মাল্টি-কম্পোনেন্ট পণ্য, মেইল অর্ডার বা অনলাইনে বিক্রি করা পণ্য, এবং হোটেল ও অন্যান্য পাবলিক ফেসিলিটিতে প্রদান করা পণ্যের ক্ষেত্রেও প্রযোজ্য।

আপনাকে নিচের কোনটাই উপাদান হিসাবে অন্তর্ভুক্ত করতে হবে না:

- কাঁচামালে অশুদ্ধতা
- প্রস্তুতির জন্য ব্যবহার করা হয়েছে কিন্তু চূড়ান্ত পণ্যে উপস্থিত নেই এমন পণ্য
- দ্রাবক হিসেবে বা সুগন্ধি এবং অ্যারোম্যাটিক কম্পোজিশনের বাহক হিসেবে ব্যবহৃত বস্তু

সুগন্ধিমূলক মিশ্রণ ও সেগুলোর কাঁচামালকে অবশ্যই 'পারফিউম' (নিচের দ্রষ্টব্য দেখুন) বা 'অ্যারোমা' হিসেবে উল্লেখ করতে হবে যদি না সেগুলোর উপস্থিতির আরো সুনির্দিষ্ট উল্লেখ প্রয়োজন হয় রেগুলেশনের পরিশিষ্ট ৩।।। অনুযায়ী (নিচে '[গুরুত্বপূর্ণ আইন](#)'-এ লিংক দেখুন)।

১% এর কম মাত্রায় আছে এমন উপাদান ১% বা তার বেশি আছে এমন উপাদানগুলোর পর যে কোনো ক্রমে তালিকাভুক্ত করা যাবে।

অন্যান্য উপাদানের পর কালারিং এজেন্টসকে যে কোনো ক্রমে তালিকাভুক্ত করা যেতে পারে। আলংকারিক কসমেটিক যেগুলো বিভিন্ন রঙে বাজারজাত করা হয়, সেগুলোর ক্ষেত্রে সেই শ্রেণীর সকল কালারিং এজেন্ট তালিকাভুক্ত করা যাবে যদি 'মে কনটেইন' কথাটি থাকে বা '+/-' প্রতীকও ব্যবহার করা হয়।

উপাদানের নাম ইন্টারনেশনাল নমেনক্লেচার অব কসমেটিক ইনগ্রেডিয়েন্টস (আইএনসিআই)-এর তালিকাভুক্ত হতে হবে, বা, যদি এমন কোনো নাম তালিকাভুক্ত না থাকে, তাহলে নিচের কোন একটি:

- রাসায়নিক নাম
- ইউরোপিয়ান ফারমাকোপিয়া নাম
- ইন্টারনেশনাল নন-প্রপাইটারি নেম (আইএনএন) যেমন ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন সুপারিশ করে
- ইউরোপিয়ান ইনভেন্টরি অব এক্সিসটিং কমার্শিয়াল কেমিক্যাল সাবসটেনসেস (ইআইএনইসিএস), ইন্টারনেশনাল ইউনিয়ন অব পিওরর অ্যান্ড অ্যাপ্লাইড কেমিস্ট্রি (আইইউপিএসি), বা কেমিক্যাল অ্যাবসট্রাক্টস সার্ভিস (সিএএস)আইডেনটিফিকেশন রেফারেন্স
- কালার ইনডেক্স নম্বর

[আইএনসিআই নামের একটি ডাটাবেস](#) ইউরোপা ওয়েবসাইটে পাওয়া যায়।

ন্যানোম্যাটেরিয়াল হিসেবে উপস্থিত সকল উপকরণ উপাদানসমূহের তালিকায় স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে। এই ধরনের উপাদানের নামের পর ব্র্যাকেটে 'ন্যানো' শব্দটি উল্লেখ থাকতে হবে।

রেগুলেশনে একটি পদ্ধতি বর্ণনা করা আছে, যেটি সম্মতির উপর নির্ভর করে, কিছু উপাদানের গোপনীয়তা বজায় রাখার অনুমতি দেয়।

সামঞ্জস্যতা বজায় রাখার জন্য কসমেটিক, টয়লেট্রি অ্যান্ড পারফিউমারি অ্যাসোসিয়েশন (সিপিটিএ), ইউকের কসমেটিক ইন্ডাস্ট্রির ট্রেড অ্যাসোসিয়েশন, নিম্নলিখিত প্রথাগুলোর ব্যাপারে একমত হয়েছে। প্রথমত, 'ingredients' শব্দটি বড়ো হাতের অক্ষরে লিখতে হবে, এবং দ্বিতীয়ত, 'perfume' শব্দটি 'parfum' দ্বারা প্রতিস্থাপিত হবে। যদিও এই প্রথাগুলোর কোনো আইনগত প্রয়োগ নেই, কিন্তু এগুলোর ব্যবহার ইউকে এনফোর্সমেন্ট অথরিটিগুলো গ্রহণ করবে। আপনি যদি ইউরোপিয়ান ইকোনমিক এরিয়ার (ইইএ) দেশগুলোতে কসমেটিক পণ্য রপ্তানি করেন, তাহলে আপনাকে নিশ্চিত করতে হবে যে সেইসব দেশের কর্তৃপক্ষরাও এই প্রথাটি গ্রহণ করেন।

অতিরিক্ত তথ্য

অতিরিক্ত তথ্য অবশ্যই প্রদান করতে হবে যেখানে নির্দিষ্ট উপাদানসমূহ, যেমন প্রিজারভেটিভস ও ইউভি ফিল্টার থাকে। এই তথ্যগুলো রেগুলেশনের পরিশিষ্ট III, IV, V, ও VI-এ নির্দিষ্ট করা আছে (নিচে '[গুরুত্বপূর্ণ আইন](#)'-এ লিংক দেখুন)।

উপস্থাপনা

আবশ্যিক সকল তথ্য অবশ্যই দৃশ্যমান, অসম্পাদনযোগ্য ও সহজে বোধগম্য হতে হবে। উপাদান তালিকাটি গ্রাহকরা সহজে বুঝতে পারেন এমন একটি ভাষায় হতে হবে। অন্যসকল তথ্য অবশ্যই ইংরেজিতে হতে হবে এবং এর সাথে অতিরিক্ত অন্য ভাষায়ও হতে পারে।

উপাদানের তালিকা উপস্থাপনা করার ব্যাপারে এক সেট শর্ত আছে এবং অন্যান্য তথ্যের জন্য আরেক সেট শর্ত আছে।

উপাদানের তালিকা

উপাদানের তালিকা অবশ্যই প্যাকেজিং-এ থাকতে হবে বা, যদি তা করা অসম্ভব হয় বা যদি কোনো প্যাকেজিং না থাকে তাহলে পাত্রে থাকতে হবে। যদি পণ্যটি খোলা বিক্রি করা হয়, তাহলে উপাদানের তালিকা যে পাত্রে পণ্যটি সরবরাহ করা হয় সেটিতে বা একটি নোটিশে দেওয়া যেতে পারে। যদি তা সম্ভব না হয়, তাহলে তালিকাটি পণ্যটির সাথে এনক্লোজড বা সংযুক্ত একটি লিফলেট, লেবেলে, ট্যাগ, টেপ বা কার্ডে দেওয়া

যেতে পারে, যেটির সাথে থাকবে গ্রাহককে এটির ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করে একটি নির্দেশনা (হয় সংক্ষিপ্ত তথ্য আকারে নইলে নিচের 'হ্যান্ড অ্যান্ড বুক' প্রতীকের মাধ্যমে)। ছোটো পণ্য যেমন সাবান ও বাথ বলস-এর জন্য লিফলেট, লেবেল, ইত্যাদির পরিবর্তে একটি নোটিশ ব্যবহার করা যেতে পারে।



অন্যান্য তথ্য

অন্যান্য তথ্য সাধারণত পাত্র ও প্যাকেজিং উভয় স্থানেই থাকতে হবে। কিন্তু, যদি ব্যাচ কোডটি পাত্রে থাকা সম্ভব না হয়, তাহলে এটি কেবল প্যাকেজিংয়ে থাকতে পারে। একইভাবে, যেখানে ব্যবহারিক সীমাবদ্ধতা রয়েছে, সেক্ষেত্রে ব্যবহারের শর্ত একটি লিফলেট, লেবেল, ট্যাগ, ট্যাপ বা কার্ডে পণ্যের সাথে এনক্লোজড ভাবে বা সংযুক্ত থাকতে পারে, আবারো, গ্রাহকের মনোযোগ এটির দিকে আকর্ষণ করে একটি নির্দেশনা সহ।

প্যাকেজ ছাড়া খোলা কসমেটিক পণ্যের ক্ষেত্রে (যেমন সাবান, বাথ বল ও অন্যান্য ছোটো পণ্য) ব্যবহারিক কারণে উপাদানের তালিকাটি একটি ট্যাগ, ট্যাপ বা কার্ডে সংযুক্ত করা অসম্ভব হতে পারে। যদি তাই হয়, তাহলে সমস্ত সংশ্লিষ্ট তথ্য যেগুলো প্যাকেজে থাকা আবশ্যিক, যেমন উপরে বর্ণনা করা হয়েছে, সেগুলো যে পাত্রটিতে কসমেটিক পণ্যটি বিক্রয়ের জন্য রাখা হবে তার পাশে একটি নোটিশে প্রদান করতে হবে।

উপরে ফেরত যান

দাবীসমূহ

রেগুলেশন (ইইউ) নম্বর 655/2013 *লেইং ডাউন কমন ক্রাইটেরিয়া ফর দ্য জাস্টিফিকেশন অব ক্লেইমস ইউজড ইন রিলেশন টু কসমেটিক প্রডাক্টস* বর্ণনা করে যে দাবীগুলো হতে হবে বৈধ, সত্য, প্রমাণ দ্বারা সমর্থিত, সৎ, ন্যায্য এবং সর্বশেষ ব্যবহারকারীর কাছে পরিষ্কার ও বোধগম্য।

বিশেষ করে 'ফ্রি ফ্রম [free from]' দাবী ব্যবহার করা যাবে না এমন কোনো উপাদানের ব্যাপারে যেটি সাধারণত ওই ধরনের কসমেটিকসে ব্যবহৃত হয়না – যেমন এমন একটি পারফিউমে 'ফ্রি ফ্রম প্রিজারভেটিভস [free from preservatives]' যেটিতে ইতিমধ্যে অ্যালকোহল আছে। এছাড়াও ফ্রি-ফ্রম দাবী ব্যবহার করা যাবে না যেখানে উপাদানটি ব্যবহার করা বৈধ। তার অর্থ হচ্ছে 'ফ্রি ফ্রম প্যারাবেনস [free from parabens]' এর মতো দাবী ব্যবহার করার অনুমতি নেই।

দাবীর ব্যাপারে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে দেখুন ইউরোপিয়ান কমিশনের [টেকনিকাল ডকুমেন্টস অন কসমেটিক ক্লেইমস \[Technical Document on Cosmetic Claims\]](#)।

উপরে ফেরত যান

দায়িত্বশীল ব্যক্তির উপর বাধ্যবাধকতা

কসমেটিক পণ্যের উৎপাদনকারীদের অবশ্যই উত্তম উৎপাদন চর্চা মেনে চলতে হবে। উত্তম উৎপাদন চর্চা ধরে নেওয়া যায় যখন উৎপাদন করা হয় সংশ্লিষ্ট নির্ধারিত মান* বজায় রেখে।

[*'নির্ধারিত মান' হচ্ছে সেগুলো যেগুলো সেক্রেটারি অব স্টেট অনুমোদন করেছেন এবং ব্রিটিশ স্ট্যান্ডার্ডস ইন্সটিটিউশন (বিএসআই) প্রকাশ করেছে।]

কসমেটিক পণ্য নিরাপদ তা প্রদর্শন করতে, ইউকের দায়িত্বশীল ব্যক্তিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে কসমেটিক পণ্য একটি সেফটি অ্যাসেসমেন্ট সম্পন্ন করেছে এবং কসমেটিক প্রডাক্ট সেফটি রিপোর্ট প্রস্তুত করা হয়েছে। এই সেফটি অ্যাসেসমেন্টটি করতে হবে এমন একজন ব্যক্তিকে যার ফার্মেসি, টক্সিকোলজি, মেডিসিন বা এই ধরনের কোনো বিষয়ে তাত্ত্বিক বা ব্যবহারিক ইউনিভার্সিটি কোর্সে পড়াশোনার পর একটি ডিপ্লোমা বা আনুষ্ঠানিক শিক্ষাগত যোগ্যতা আছে।

যেখানে কসমেটিক পণ্যটি ইউকেতে সরবরাহ বা উৎপাদন করা হবে, সেক্ষেত্রে দায়িত্বশীল ব্যক্তিকে পণ্যের ব্যাপারে নির্দিষ্ট কিছু তথ্য রেজিস্টার্ড অফিস ঠিকানায় বা পণ্যে উল্লিখিত ঠিকানায় রাখতে হবে। এই তথ্যগুলো মনোনীত কর্তৃপক্ষ (সাধারণ দায়িত্বশীল ব্যক্তির স্থানীয় ট্রেডিং স্ট্যান্ডার্ডস সার্ভিস) সহজে পেতে পারতে হবে এবং মেডিক্যাল ইমার্জেন্সির ক্ষেত্রে অনুরোধ জানানো যেতে হবে। তথ্যগুলো অবশ্যই ইংরেজি বা অন্য ভাষায় হতে হবে যেটি মনোনীত কর্তৃপক্ষ সহজে বুঝতে পারে।

প্রডাক্ট ইনফরমেশন ফাইলে (পিআইএফ) অবশ্যই নিম্নলিখিত বিষয়গুলো থাকতে হবে:

- পণ্যটির গুণগত ও পরিমাণগত গঠন। আপনার পণ্যে পারফিউম বা পারফিউম কম্পেজিশনের জন্য আপনাকে কেবল নাম, কোড নম্বর ও সাপ্লাইয়ারের

পরিচিতি রাখতে হবে। সকল কম্পোজিটের জন্য গুণগত তথ্য, এবং বিপজ্জনক বস্তুর ক্ষেত্রে পরিমাণগত তথ্য, অবশ্যই জনসাধারণের জন্য সহজপ্রাপ্য করতে হবে

- কাঁচামাল ও ফিনিশড পণ্যের ফিজিকো-কেমিক্যাল ও মাইক্রোবায়োলজিক্যাল স্পেসিফিকেশন, এবং কসমেটিক পণ্যের বিশুদ্ধতা ও মাইক্রোবায়োলজিক্যাল কন্ট্রোল ক্রাইটেরিয়া
- উৎপাদনের পদ্ধতি, যেটি অবশ্যই উত্তম উৎপাদনের চর্চা অনুসারে হতে হবে
- মানব স্বাস্থ্যের জন্য ফিনিশড পণ্যের নিরাপত্তার ব্যাপারে একটি অ্যাসেসমেন্ট, যেটি হবে রেগুলেশনে উল্লিখিত মানদণ্ড অনুযায়ী, একজন কোয়ালিফাইড সেফটি অ্যাসেসর কর্তৃক স্বাক্ষরিত একটি 'কসমেটিক প্রডাক্ট সেফটি রিপোর্ট' (সিপিএসআর)। এর সাথে, তিন বছর বয়সের কম শিশুদের ব্যবহারের উদ্দেশ্যের কসমেটিক পণ্যগুলোর জন্য, এবং শুধুমাত্র বাহ্যিক অন্তরঙ্গ পরিচ্ছন্নতার উদ্দেশ্যের কসমেটিক পণ্যগুলো জন্য একটি সুনির্দিষ্ট সেফটি অ্যাসেসমেন্ট প্রয়োজন।
- কসমেটিক পণ্যের উপস্থাপনার ক্ষেত্রে ফুড ইমিটেশন (সেফটি) রেগুলেশনস ১৯৮৯ এর আবশ্যিকতাগুলো বিবেচনায় নিতে হবে, যেটি বিপজ্জনক অনুকরণ সংক্রান্ত। এই রেগুলেশনসগুলোর ব্যাপারে আরো তথ্যের জন্য দেখুন '[ফুড ইমিটেশনস \[Food imitations\]](#)' পণ্যটি ব্যবহারের ফলে মানব স্বাস্থ্য অনাকাঙ্ক্ষিত প্রভাবের ব্যাপারে বিদ্যমান তথ্য। এই তথ্য সাধারণ জনগণের জন্যও সহজপ্রাপ্য করতে হবে।
- পণ্যটি যে দাবীগুলো করেছে সেগুলোর ন্যায্যতা নির্ণয় করার প্রমাণ
- উৎপাদনকারী, তাদের এজেন্ট বা সরবরাহকারী, পণ্যটি বা এটির উপাদানগুলোর ডেভেলাপমেন্ট বা নিরাপত্তা মূল্যায়নের ব্যাপারে প্রাণীর উপর যে পরীক্ষা করেছে সে ব্যাপারে তথ্য

পিআইএফ অবশ্যই ইংরেজিতে ইউকের একটি ঠিকানায় সংরক্ষণ করতে হবে, এবং এগুলো মার্কেট সার্ভেইল্যান্স অ্যান্ড এনফোর্সমেন্ট অথরিটির জন্য প্রাপ্তিসাধ্য করতে হবে, যার মাঝে রয়েছে সেক্রেটারি অব স্টেট ও জীবিতে লোকাল অথরিটি ট্রেডিং স্ট্যান্ডার্ডস সার্ভিসেস (যেটি লোকাল ওয়েইটস অ্যান্ড মেজার্স অথরিটিস নামেও পরিচিত)।

কসমেটিক পণ্য মার্কেটে ছাড়ার আগে দায়িত্বশীল ব্যক্তিকে অবশ্যই ইউকে সরকারের কাছে ইউকের [সাবমিট কসমেটিক প্রডাক্ট নোটিফিকেশনস সার্ভিস \(এসসিপিএন\) Submit Cosmetic Product Notifications service \(SCPN\)](#) এর মাধ্যমে নিম্নলিখিত তথ্যগুলো জমা দিতে হবে:

- কসমেটিক পণ্যের শ্রেণী এবং এটির নাম বা নামসমূহ, যেন এটিকে সুনির্দিষ্টভাবে চিহ্নিত করা যায়

- দায়িত্বশীল ব্যক্তির নাম ও ঠিকানা (যদি পিআইএফ যে কোনো সময় দেখার জন্য প্রস্তুত রাখা হয়)
- প্রয়োজন হলে একজন বাহ্যিক ব্যক্তির সাথে যোগাযোগ করার জন্য যোগাযোগের বিবরণ (যদি কসমেটিক পণ্যটি ইউকেতে আমদানী করা হয়ে থাকে)
- ন্যানোম্যাটেরিয়াল আকারে বস্তুর উপস্থিতি ও সেগুলোর পরিচিতি
- সমস্যা হলে দ্রুত ও যথাযথ মেডিক্যাল চিকিৎসা দেওয়ার জন্য ফ্রেম ফরমুলেশন

যখন কসমেটিক পণ্যটি বাজারে ছাড়া হয়, তখন দায়িত্বশীল ব্যক্তিকে অবশ্যই ইউকে সরকারকে আসল লেবেলিং, এবং, যেখানে যুক্তিসঙ্গতভাবে পাঠযোগ্য, সেক্ষেত্রে সংশ্লিষ্ট প্যাকেজিংয়ের ছবির বিষয়ে জানাতে হবে।

দায়িত্বশীল ব্যক্তি যিনি মনে করবেন বা মনে করার কারণ রয়েছে যে কসমেটিক পণ্যটি তিনি বাজারে ছেড়েছেন সেটি রেগুলেশন মান্য করে না তাহলে সাথে সাথে তাকে সংশোধনমূলক পদক্ষেপ গ্রহণ করতে হবে যেন পণ্যটি মাণ্য করে, অথবা পণ্যটি প্রত্যাহার করতে হবে বা ফেরত চাইতে হবে, যেমনটি যথাযথ হয়। যদি পণ্যটি কোনো 'গুরুতর অনাকাঙ্ক্ষিত প্রভাব [সিরিয়াস আনডিজায়ারেবল ইফেক্ট ' (এইউই)ফেলে বা মানব স্বাস্থ্যের জন্য ঝুঁকি সৃষ্টি করে, তাহলে দায়িত্বশীল ব্যক্তি এবং / অথবা বিতরণকারী সাথে সাথে স্থানীয় ট্রেডিং স্ট্যান্ডার্ডস সার্ভিসকে , মান্য-না করার বিবরণ ও সংশোধনমূলক গৃহীত পদক্ষেপের বিবরণ দিয়ে জানাবে।

একজন আমদানিকারক (যিনি সংজ্ঞা অনুসারে অবশ্যই ইউকে ভিত্তিক হতে হবে) যিনি কোনো পণ্য জিবি বাজারে ছাড়েন তিনি সেই পণ্যের ব্যাপারে দায়িত্বশীল ব্যক্তি।

[উপরে ফেরত যান](#)

মাইক্রোবিডস

আইন প্লাস্টিক মাইক্রোবিডস আছে এমন কোনো ধুয়ে ফেলার ব্যক্তিগত পরিচর্যার পণ্য উৎপাদন ও বিক্রি নিষিদ্ধ করে। আরো তথ্যের জন্য দেখুন '[মাইক্রোবিডস \[Microbeads\]](#)'।

[উপরে ফেরত যান](#)

আরো তথ্য

গ্রেট ব্রিটেনের গ্রাহকদের কাছে কসমেটিক পণ্য পৌঁছে দেওয়ার ব্যাপারে অফিস ফর প্রডাক্ট সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ডস (ওপিএসএস) একটি নির্দেশিকা প্রকাশ করেছে।

[উপরে ফেরত যান](#)

ট্রেডিং স্ট্যান্ডার্ডস

ট্রেডিং স্ট্যান্ডার্ডস সার্ভিসের কাজের ব্যাপারে আরো তথ্যের জন্য - এবং আইন মান্য না করার সম্ভাব্য পরিণতি সম্পর্কে জানতে - অনুগ্রহ করে দেখুন 'ট্রেডিং স্ট্যান্ডার্ড: ক্ষমতা, প্রয়োগ ও দন্ড'

উপরে ফেরত যান

গুরুত্বপূর্ণ আইন

রেগুলেশন (ইসি) নম্বর ১২২৩/২০০৯ কসমেটিক পণ্যের ব্যাপারে

কসমেটিকস প্রডাক্টস এনফোর্সমেন্ট রেগুলেশন ২০১৩

রেগুলেশন (ইইউ) নম্বর ৬৫৫ / ২০১৩ কসমেটিক পণ্যের ব্যাপারে দাবীর যৌক্তিকতার জন্য সাধারণ মানদন্ডগুলো নির্ধারণ করা

প্রডাক্ট সেফটি অ্যান্ড মেট্রোলজি এটসেটরা (অ্যামেন্ডমেন্ট এটসেটরা) (ইইউ এক্সিট) রেগুলেশন ২০১৯

সর্বশেষ পর্যালোচনা / হালনাগাদ হয়েছে: অক্টোবর ২০২১

এই হালনাগাদে

ওপিএসএস নির্দেশনার লিংক সংযুক্ত করা হয়েছে

অনুগ্রহ করে লক্ষ্য করুন

এখানকার তথ্যগুলো কেবলমাত্র নির্দেশনার জন্য; কেবলমাত্র আদালতই আইনের কর্তৃত্বপূর্ণ ব্যাখ্যা প্রদান করতে পারেন।

গাইডের 'গুরুত্বপূর্ণ আইন' লিংকগুলো আইনের কেবল মূল সংস্করণটিই দেখাতে পারে, যদিও কিছু সংশোধিত আইনও আলাদা করে সংযুক্ত করা আছে যেখানে এটি একটি নির্দেশিকার বিষয়বস্তুর সাথে সরাসরি সম্পর্কিত। আইনের সংশোধনীর ব্যাপারে তথ্য পাওয়া যাবে প্রতিটি লিংকের 'মোর রিসোর্সেস' ট্যাবে।

